

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা”।

অতিব জরুরি
হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.Hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১২.২০১৬-৯০৬

তারিখ: ১২/০৬/২০১৭ খ্রি.

বিষয়: হজ কার্যক্রম পরিচালনাকারী এজেন্সীসমূহের মোনাঙ্কমদের জরুরিভিত্তিতে সৌদি আরবে প্রেরণ সংক্রান্ত।
সূত্র: বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরবের স্মারক নং-১৬.০৪.০০০০.০০০.০৫.০০১.২০১৬-১০১৯৮; তারিখ: ১১/০৬/২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো। আসন্ন ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) সনের অনুষ্ঠেয় পবিত্র হজ মৌসুমে বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব কর্তৃক প্রেরিত পত্রটি (কপি সংযুক্ত) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।



মো: আবুল হাসান
সিনিয়র সহকারী সচিব (হজ-১)
ফোন: ৯৫৮৪৩২২
ফ্যাক্স: ৯৫১২২৮৬
e-mail: morahajsection@gmail.com

বিতরণ:

১. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
২. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০/এ, নয়াপল্টন, ঢাকা।

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১২.২০১৬-৯০৬


তারিখ: ১২/০৬/২০১৭ খ্রি.

সদয় জ্ঞাতার্থে:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২ কাওরান বাজার, ঢাকা।
- ৪। অফিস কপি/গার্ড ফাইল।

মো: আবুল হাসান
সিনিয়র সহকারী সচিব (হজ-১)।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
“ই-হজ্জ ব্যবস্থাপনা”


হজ্জ সর্বোচ্চ অধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
জেদ্দা, সৌদি আরব।

স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.০৫.০০২.২০১৬-১০১৯৮

তারিখ : ১১/০৬/২০১৭

বিষয় : হজ্জ কার্যক্রম পরিচালনাকারী এজেন্সীসমূহের মোনাঞ্জেমদের জরুরীভিত্তিতে সৌদি আরবে প্রেরণ প্রসঙ্গে।


- সূত্র : (১) অত্রফিসের স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.০৫.০০২.২০১৪-১০১১৫; তারিখ : ২৯/০৩/২০১৭
(২) অত্রফিসের স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.১৮.০০৬.২০১৫-১০১০৬; তারিখ : ১৯/০৩/২০১৭
(৩) অত্রফিসের স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.১৮.০১৩.২০১৪-১০; তারিখ : ১৫/০১/২০১৭
(৪) অত্রফিসের স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.০৫.০০২.২০১৪-১০১২৫; তারিখ : ০৬/০৪/২০১৭
(৫) অত্রফিসের স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.০৫.০০২.২০১৪-১০১৫৭; তারিখ : ৩০/০৪/২০১৭
(৬) অত্রফিসের স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.০৫.০০২.২০১৬-১০১৯১; তারিখ : ১৫/০৫/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও সানুগ্রহ ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকার এ বছর শতভাগ ই-হজ্জ ব্যবস্থাপনা বাস্তবায়ন করবে। ই-হজ্জ ব্যবস্থাপনার সকল কাজ সঠিকভাবে এবং নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হলে প্রাইভেট হজ্জ এজেন্সীসমূহের মোনাঞ্জেমগণকে অবশ্যই যথার্থ আইটি জ্ঞানসম্পন্ন হতে হবে এবং মোনাঞ্জেমদের ল্যাপটপ/ আইপ্যাডসহ সৌদি আরব আগমন করতে হবে। উভয় দেশের মধ্যে স্বাক্ষরিত হজ্জ চুক্তি অনুযায়ী এজেন্সীসমূহের ১০/০৬/২০১৭ তারিখের মধ্যে বাড়ীভাড়াসহ এতদসংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করার কথা। কিন্তু যতদূর জানা যায় অদ্যাবধি অতি নগন্য সংখ্যক (অনুমানিক মাত্র ১০/২০ টি) এজেন্সীর মোনাঞ্জেম সৌদি আরবে এসেছেন। রোজার পরবর্তী সময়ে বাড়ীভাড়া, মৌয়াল্লেম ফি সহ অন্যান্য অর্থ IBAN এ প্রেরণ করে নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ শেষ করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ হবে বিধায় জরুরীভিত্তিতে তাঁদের সৌদি আরবে প্রেরণ করা দরকার।

এমতাবস্থায়, যেকোনো ধরনের ঝুঁকি এড়ানো তথা সময় মাফিক সকল প্রক্রিয়া সম্পন্ন করার স্বার্থে জরুরীভিত্তিতে হজ্জকার্যক্রম পরিচালনাকারী এজেন্সীসমূহের মোনাঞ্জেমদের সৌদি আরবে প্রেরণের কার্যকর নির্দেশনা প্রদানের জন্য পুনরায় বিনীত অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃ:আ: যুগ্ম-সচিব (হজ্জ)


(মুহাম্মাদ মার্কসুদুর রহমান)
কাউন্সেলর (হজ্জ)

অনুলিপি - সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :

- ১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ২। মান্যবর কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
- ৩। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সভাপতি/ মহাসচিব, হজ্জ এজেন্সীস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা।